

সা.বি.খ ... 26 JAN 1987
পৃষ্ঠা ... ১

242



উপজেলা পরিক্রমা

পঞ্চগড় সদর

পঞ্চগড়, ২৫ জানুয়ারী (সংবাদদাতা)।—
বাংলাদেশের সর্ব উত্তরে হিমালয়ের
পাদদেশে করতোয়া নদীর তীরে পঞ্চগড়
সদর উপজেলাটি অবস্থিত। পঞ্চগড়
নামকরণ সম্বন্ধে কেহ কেহ মনে করেন
যে, এ অঞ্চলটি অতি প্রাচীনকালে
'পুরুবধন' রাজ্যের অঙ্গর্ত 'পঞ্চনগরী'
নামে একটি অঞ্চল ছিল। কালজমে
পঞ্চনগরী পঞ্চগড় নামে আল্পপ্রকাশ
করে। আবার কেহ কেহ মনে করেন যে,
দেবনগর, মীরগড়, হোসেনগড়, কোট
ভোজনীর গড় ও ভিতরগড় এই পাঁচটি
গড়ের সমষ্টিয়ে পঞ্চগড় নামের উৎপত্তি।
আয়তন ও লোক সংখ্যা

পঞ্চগড় সদর উপজেলার আয়তন ৯৪
বর্গমাইল। ৭টি ইউনিয়ন, ৩০৮টি গ্রাম।
মোট লোকসংখ্যা ১ লাখ ৫ হাজার ৭শ
১০। পুরুষ ৫৪ হাজার ৫শ ১২ জন ও
মহিলা ৫১ হাজার ১শ ৯৮ জন। মোজা
৫৩টি। জমি ৪১ হাজার ১শ একর।
শতকরা ৮৫ জন কৃষির উপর নির্ভরশীল।

কৃষি ব্যবস্থা

কৃষি উৎপাদনের ক্ষেত্রে পঞ্চগড় সদর
উপজেলার ভূমিকা গুরুত্বপূর্ণ। কৃষিগণ
ধান, পাট, তামাক, সরিষা, আম, কাঠাল
ও ইছু। উপজেলায় মোট আবাদী জমির
পরিমাণ ৪১ হাজার ১শ একর। এক
ফসলী জমি ২০ হাজার ১শ একর,
দু'ফসলী জমি ১ হাজার ৫শ একর, তিন
ফসলী জমি ৬ হাজার একর। বন ফসলী
জমি ৫শ ৮০ একর। বীজবর্ধন খামার
১৯টি। গভীর নলকুপ ২টি, অগভীর
নলকুপ ১৯টি ও শক্তিশালিত পান্থ
স্টেশন ৫টি।

শিক্ষা ব্যবস্থা

এখানে শিক্ষিত লোক ১৭ হাজার ৯শ ৩
জন। এতে শিক্ষিতের হার শতকরা ২০
জন। অশিক্ষিত ৬৭ হাজার ৮শ ৮২

জন। এখানে ১টি সরকারী মহাবিদ্যালয়,
১টি বেসরকারী মহাবিদ্যালয়, ১টি
সরকারী উচ্চ বিদ্যালয়, ১টি সরকারী
বালিকা বিদ্যালয়, বেসরকারী উচ্চ
বিদ্যালয় ৮টি, ৫২টি সরকারী ও ১১টি
বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, ২টি নিম্ন
উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ৪টি মাদ্রাসা ও
মসজিদ ১শ ২৫টি।

যোগাযোগ ব্যবস্থা

এ উপজেলার বিভিন্ন রাস্তা সংস্থার ও
ডাক যোগাযোগ ব্যবস্থা অনুমত হওয়ায়
জনসাধারণকে দুর্ভোগ পোছাতে হচ্ছে। এ
উপজেলার মোট রাস্তার দৈর্ঘ্য ৯৪ মাইল।
সড়ক ও জনপথ ১৩ মাইল, বাস স্টেশন
৪টি, জেলা পরিষদের রাস্তা ২২ মাইল,
ইউনিয়ন পরিষদের রাস্তা ২১১ মাইল।
সেতু ২৫টি, কালভার্ট ১শ ৫০টি, কাঠের
সেতু ৪টি। টেলিফোন একচেক্স ১টি,
ডাকঘর ৭টি, টেলিফোন অফিস ১টি,
ওয়ারলেস স্টেশন ১টি, পাবলিক
লাইব্রেরী ১টি, ক্লাব ৫টি ও প্রেসক্লাব
১টি।

স্বাস্থ্য ব্যবস্থা

এ উপজেলায় ৫০ শয্যাবিশিষ্ট ১টি
আধুনিক হাসপাতাল রয়েছে। পরিবার
পরিকল্পনা ক্লিনিক ১টি, ইউনিয়ন স্বাস্থ্য
কেন্দ্র ২টি। জানা গেছে, দীর্ঘদিন ধরে
হাসপাতালটিতে চলছে অনিয়ম। এতে
বিভিন্ন যন্ত্রপাতির অভাবসহ ডাক্তারের
সংখ্যা প্রয়োজনের তুলনায় অপ্রতুল।
শিল্প ব্যবসা

এ উপজেলায় মোট ব্যবসায়ীর সংখ্যা ২
হাজার ২শ ৭৫ জন। উপজেলায় ১টি
পাট, কৃষ কেন্দ্র, ১টি চিনিকল, ১টি
ডিস্টিলারী কারখানা, ১১টি 'স' মিল,
১৫টি রাইচ মিল রয়েছে। এছাড়া একটি
বিদ্যুৎ খুঁটি তৈরীর কারখানা (জেমকল)
রয়েছে।